ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩৬১৩
বিশালগড়, ৬ নভেম্বর, ২০২৫

# বন্দেমাতরম অনুষ্ঠান উপলক্ষে বিশালগড়ে প্রস্তুতি সভা

বিশালগড় মহকুমায় বন্দেমাতরম অনুষ্ঠানের আয়োজন উপলক্ষে বিশালগড় মহকুমা শাসক বিংকি সাহার সভাপতিত্বে আজ মহকুমা শাসক কার্যালয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক সুশান্ত দেব। তিনি জানান, মূলত দেশমাতৃকার প্রতি গভীর শ্রদ্ধা জানাতে বিশেষ করে বন্দেমাতরম এর গুরুত্বকে উপলব্ধি করতে যুব সমাজের যোগদান আবশ্যক। সভায় সিদ্ধান্ত হয় আগামীকাল (৭ নভেম্বর) বিশালগড় বাজার চৌমুহনীতে আয়োজিত হবে মহকুমাস্তরের বন্দেমাতরম এর মূল অনুষ্ঠান। অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয় এবং রবীন্দ্রনাথ ঠাকুর মহাবিদ্যালয়ের ছাত্রছাত্রীরা অংশ গ্রহণ করবে। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অতশী দাস, বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ, ডিসিএম প্রসেনজিৎ দাস, বিশালগড় মহকুমাভিত্তিক সাংস্কৃতিক কমিটির সদস্যবৃন্দ সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ।

*****